

গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট

ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং কার্যক্রম এর জুন ৩০, ২০১৪ ভিত্তিক হালনাগাদ প্রতিবেদন

স্কুল ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে পরিচিত করা এবং সঞ্চয়ের মাধ্যমে কোমলমতি ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে দেশের আর্থিক সেবাবুজি বৃদ্ধির লক্ষ্যে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য নভেম্বর ০২, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংককে পরামর্শ দেয়া হয়েছিল। এরই ধারাবাহিকতায় ব্যাংকগুলো ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফা সহ বিভিন্ন স্কীম চালুর মাধ্যমে স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করেছে। জুন ৩০, ২০১৩ পর্যন্ত ব্যাংকগুলোর স্কুল ব্যাংকিং কার্যক্রমের তথ্যাদি যান্মাসিক ভিত্তিতে সংগ্রহ করা হতো। জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ তারিখঃ অক্টোবর ২৮, ২০১৩ এর মাধ্যমে ব্যাংকগুলোকে হতে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করার নির্দেশনা দেয়া হয়। ব্যাংকগুলো হতে প্রাপ্ত জুন ৩০, ২০১৪ তারিখ ভিত্তিক তথ্যাদির ভিত্তিতে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্যাদির তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলোঃ

মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক এবং জুন ৩০, ২০১৪ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের তথ্যঃ			
ব্যাংকসমূহ	মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক হিসাব সংখ্যা	জুন ৩০, ২০১৪ ভিত্তিক হিসাব সংখ্যা	হিসাব সংখ্যা হ্রাস/বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (০৪টি)	৬৮৩৩৪	১০১,৪৬৮	৩৩,১৩৪
বিশেষায়িত ব্যাংক (০৪টি)	৫১৪৫৮	১০৬,৫০৩	৫৫,০৪৫
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	২৪৫৭০৬	৪২৯,৯৯৫	১৮৪,২৮৯
বিদেশী ব্যাংক (০৯টি)	৬৭২	১,২১০	৫৩৮
২০১৩ সালে তফসিলভুক্ত ব্যাংক (০৯টি)	৮৪	২৮৯	২০৫
সর্বমোট (৫৬টি ব্যাংক)	৩,৬৬,২৫৪	৬৩৯,৪৬৫	২৭৩,২১১

বিশ্লেষণঃ স্কুল ব্যাংকিং এর আওতায় মার্চ ৩১, ২০১৪ তারিখ পর্যন্ত মোট ৫৬টি ব্যাংকের মধ্যে (নতুন ০৯টি তফসিলী ব্যাংকসহ) ৪৮টি ব্যাংকে রক্ষিত মোট হিসাবের সংখ্যা ছিল প্রায় ৩.৬৭ লক্ষ। অন্যদিকে, জুন ৩০, ২০১৪ তারিখ পর্যন্ত ৪৯টি ব্যাংকে মোট হিসাবের সংখ্যা ২৭৩,২১১ (দুই লক্ষ তিহাত্তর হাজার দুইশত এগার) বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে প্রায় ৬.৩৯ লক্ষ। উল্লেখ্য, নতুন ০৯টি ব্যাংকের মধ্যে ০৩টি ব্যাংক (মেঘনা ব্যাংক লিঃ, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ এবং এনআরবি ব্যাংক লিঃ) স্কুল ব্যাংকিং এর আওতায় হিসাব খুলেছে। এ তিনটি ব্যাংকের হিসাব সংখ্যা ২৮৯টি।

মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক এবং জুন ৩০, ২০১৪ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা হিসাবে টাকার স্থিতির তথ্যঃ

ব্যাংকসমূহ	মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	জুন ৩০, ২০১৪ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	স্থিতি হ্রাস/বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (০৪টি)	৪.২০	৫.০৪	০.৮৪
বিশেষায়িত ব্যাংক (০৪টি)	৪.৬৪	৬.৯৮	০.৩৪
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	৩৫৭.৩২	৩৯৩.০৭	৩৫.৭৫
বিদেশী ব্যাংক (০৯টি)	১.৫১	১.৭৪	০.২৩
২০১৩ সালে তফসিলভুক্ত ব্যাংক (০৯টি)	০.০৮	০.৪৬	০.৩৮
সর্বমোট (৫৬টি ব্যাংক)	৩৬৭.৭৫	৪০৭.২৯	৩৭.৫৪

বিশ্লেষণঃ স্কুল ব্যাংকিং এর আওতায় মার্চ ৩১, ২০১৪ তারিখ পর্যন্ত মোট ৫৬টি ব্যাংকের মধ্যে (নতুন ০৯টি তফসিলী ব্যাংকসহ) ৪৮টি ব্যাংকে মোট স্থিতি ছিল প্রায় ৩৬৭.৭৫কোটি টাকা। অন্যদিকে, জুন ৩০, ২০১৪ তারিখ পর্যন্ত ৪৯টি ব্যাংকে মোট স্থিতি ৩৭.৫৪ কোটি টাকা বৃদ্ধি পেয়ে প্রায় ৪০৭.২৯ কোটি টাকায় দাঁড়িয়েছে।

জুন ৩০, ২০১৪ ভিত্তিক হালনাগাদ হিসাবের ভিত্তিতে শীর্ষ ০৫ ব্যাংক ও হিসাবের সংখ্যাঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	হিসাব সংখ্যা
১	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ	১৪৯,৯৯৭
২	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	৮২,৫৪৩
৩	অগ্রণী ব্যাংক লিমিটেড	৬২,০৪২
৪	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	৪৯,৯৬৩
৫	উত্তরা ব্যাংক লিমিটেড	৪৭,৯৭৮

জুন ৩০, ২০১৪ ভিত্তিক হালনাগাদ স্থিতির ভিত্তিতে শীর্ষ ০৫ ব্যাংক ও স্থিতির তথ্যঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	স্থিতি (কোটি টাকায়)
১	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	১৪৭.৯৫
২	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	৪৮.৩২
৩	ইস্টার্ন ব্যাংক লিঃ	৪১.৮২
৪	স্যোসাল ইসলামী ব্যাংক লিমিটেড	২৩.১৩
৫	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড	২২.৪৭

স্কুল ব্যাংকিং এ ব্যাংকসমূহের সার্বিক মূল্যায়ন :

স্কুল ব্যাংকিং এর আওতায় জুন ৩০, ২০১৪ তারিখে মোট ৪৯টি ব্যাংকের মাধ্যমে আঞ্চলিক পর্যায়ের তুলনায় শহর এলাকায় বেশী হিসাব খোলা হয়েছে। ব্যাংকসমূহে মোট ৬.৩৯ লক্ষ হিসাবের মধ্যে বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর হিসাব সংখ্যা প্রায় ৪.৩০ লক্ষ এবং মোট স্থিতি প্রায় ৪০৭.২৯ কোটি টাকার মধ্যে ৩৯৩.০৬ কোটি টাকা যা অন্যান্য সকল শ্রেণীর ব্যাংকের তুলনায় সর্বোচ্চ স্থানে আছে। সুতরাং স্কুল ব্যাংকিং এর আওতায় বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর খোলা হিসাব সংখ্যা এবং মোট স্থিতি অন্যান্য শ্রেণীর ব্যাংকের হিসাব সংখ্যা এবং মোট স্থিতির তুলনায় অত্যন্ত আশাব্যঞ্জক। এ ত্রৈমাসিকে প্রায় ৩৫০৯টি স্কুল হতে ছাত্র-ছাত্রীদের ফি সংগ্রহ করা হয়েছে। চলতি ত্রৈমাসিকে ব্যাংকগুলোতে এসব হিসাবে প্রায় ২৪৮.৩১ কোটি টাকা জমা হয়েছে এবং প্রায় ১৬৯.৯০ কোটি টাকা হিসাবসমূহ হতে উত্তোলন করা হয়েছে যার মধ্যে এটিএম এর মাধ্যমে উত্তোলন করা হয়েছে প্রায় ২০.৩৩ কোটি টাকা। ব্যাংকসমূহের মোট স্থিতির প্রায় ১৮% স্কুল ব্যাংকিং হিসাবের মাধ্যমে জমা করা হয়েছে। জুন ৩০, ২০১৪ তারিখ পর্যন্ত ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ সর্বোচ্চ ১৪৯,৯৯৭টি হিসাব খুলেছে এবং ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড স্থিতির ভিত্তিতে শীর্ষে (প্রায় ১৪৭.৯৫কোটি টাকা) অবস্থান করছে।
